



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নথি নং-১৭.০২.২৬০০.০০০.৩৭.১২৪.২৪. ১৬৬/১

তারিখঃ ০৯ মাঘ ১৪৩০
২৩ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশনের আদেশক্রমে স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২৪-১৩২, তারিখঃ ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিঃ এর নির্দেশনার প্রেক্ষিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(৩) অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নম্বর সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচনে ভোটগ্রহণের তারিখ আগামী ০৯ মার্চ ২০২৪ খ্রিঃ ধার্য করে নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি জারি করে স্থানীয়ভাবে প্রচারের নির্দেশনা প্রদান করেন, সেহেতু, নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করিতেছিঃ


(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৩ ফেব্রুয়ারি ২০২৪ ৩০ মাঘ ১৪৩০	(মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫ ফেব্রুয়ারি ২০২৪ ০২ ফাল্গুন ১৪৩০	(বৃহস্পতিবার)
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	১৬-১৮ ফেব্রুয়ারি ২০২৪ ৩-৫ ফাল্গুন ১৪৩০	শুক্রবার-রবিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	১৯-২০ ফেব্রুয়ারি ২০২৪ ৬-৭ ফাল্গুন ১৪৩০	সোমবার-মঙ্গলবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২২ ফেব্রুয়ারি ২০২৪ ০৯ ফাল্গুন ১৪৩০	(বৃহস্পতিবার)
(চ)	প্রতীক বরাদ্দের তারিখ	:	২৩ ফেব্রুয়ারি ২০২৪ ১০ ফাল্গুন ১৪৩০	(শুক্রবার)
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	০৯ মার্চ ২০২৪ ২৫ ফাল্গুন ১৪৩০	(শনিবার)

ভোটগ্রহণের সময়ঃ সকাল ৮:০০টা হইতে বিকাল ৪:০০টা পর্যন্ত

০২। এক্ষণে, সেহেতু, আমি মোহাঃ জাহাঙ্গীর হোসেন, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা ও রিটার্নিং অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নম্বর সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদের শূন্য আসনে উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে (সিনিয়র জেলা নির্বাচন অফিস, ঢাকা ও রিটার্নিং অফিসারের কার্যালয়, নির্বাচনি প্রশিক্ষণ ভবন, ৩য় তলা) প্লট-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা) অথবা আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় (দিগন্ত টাওয়ার (৬ষ্ঠ তলা), ১২/১, আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা) আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯:০০ টা হইতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত গ্রহণ করা হইবে।

০৩। উল্লেখ্য যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নম্বর সাধারণ ওয়ার্ড কাউন্সিলর শূন্য পদের উপনির্বাচনে সকল ভোটকেন্দ্রে নির্ধারিত তারিখে সকাল ৮:০০ টা হইতে বিকাল ৪:০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (EVM) এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।

স্থানঃ সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা ও রিটার্নিং অফিসারের কার্যালয়
(নির্বাচনি প্রশিক্ষণ ভবন, ৩য় তলা, প্লট-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা) ।



(মোহাঃ জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা
ও

তারিখ ২ ৩ দিন ০ ১ মাস ২ ০ ২ ৪ বৎসর

রিটার্নিং অফিসার
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নম্বর সাধারণ
ওয়ার্ড কাউন্সিলর পদে উপনির্বাচন-২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও আপিল কর্তৃপক্ষ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা (বিজ্ঞপ্তি থানা তাঁর অফিস ও সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার অফিস এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়সহ দৃশ্যমান স্থানে স্থাপনপূর্বক ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৭. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৯. জেলা প্রশাসক, ঢাকা।
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল....., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৩. কমান্ডার, র্যাব....., ঢাকা।
১৪. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা।
১৫. থানা নির্বাচন অফিসার, মতিঝিল, ঢাকা এবং সহকারী রিটার্নিং অফিসার [বিজ্ঞপ্তি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নং ওয়ার্ডে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]।
১৬. অফিসার ইন চার্জ, মতিঝিল থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৭. সচিব, ১১ নম্বর সাধারণ ওয়ার্ড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা। [বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১৮. নোটিশ বোর্ড।


সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা

ও
রিটার্নিং অফিসার
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নম্বর সাধারণ
ওয়ার্ড কাউন্সিলর পদে উপনির্বাচন-২০২৪